

💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১১৭২

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩২, সশব্দে 'বিসমিল্লাহির রহমানির রাহীমা পড়া সম্পর্কে বিভিন্ন রিওয়ায়াত

بَابُ ذِكْرِ اخْتِلَافِ الرِّوَايَةِ فِي الْجَهْرِ بِ بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيم

আরবী

حَدَّثَنَا أَبُو الْقَاسِمِ عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ بْنِ عَبْدِ الْعَزِيزِ الْبَغَوِيُّ ، ثَنَا عَلِيُّ بْنُ الْجَعْدِ ، أَنَا شُعْبَةُ ، وَشَيْبَانُ ، عَنْ قَتَادَةَ ، قَالَ : سَمِعْتُ أَنسَ بْنَ مَالِكٍ قَالَ : صَلَّيْتُ خَلْفَ النَّبِيِّ _ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ وَأَبِي بَكْرٍ وَعُمَرَ وَعُثْمَانَ _ رَضِيَ اللَّهُ عَنْهُمْ _ فَلَمْ أَسْمَعْ أَحَدًا مِنْهُمْ يَجْهَرُ بِ بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

বাংলা

১১৭২(১). আবুল কাসেম আবদুল্লাহ ইবনে মুহাম্মাদ ইবনে আবদুল আযীয় আল-বাগাবী (রহঃ) ... কাতাদা (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি আনাস ইবনে মালেক (রাঃ)-কে বলতে শুনেছি, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর পিছনে এবং আবু বাকর (রাঃ), উমার (রাঃ) ও উসমান (রাঃ)-এর পিছনে নামায় পড়েছি। আমি তাদের কাউকে 'বিসমিল্লাহির রহমানির রাহীম' সশব্দে পড়তে শুনিনি (মুসলিম, নাসাঈ, আহমাদ, ইবনে হিব্বান, তাবারানী)।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ কাতাদাহ (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন